বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

রক নম্বর: ২৮.০৯.০০০০.০৬১.০১.০০১.২৩ (০২)

তারিখ: ০৯ মার্চ ২০২৩

: ফেব্রুয়ারি ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

র স্থান : বাপেক্স বোর্ড রুম
খ : ২০ ফেব্রুয়ারি ২০২৩
: বেলা ২.৩০ মি.
পতি : জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
স্থিতি : পরিশিষ্ট 'ক

স্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার সূচনা করেন। অতপর তিনি উপমহাব্যবস্থাপক (বোর্ড) কে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা শুরুর জন্য অনুমতি প্রদান করেন। উপমহাব্যবস্থাপক র্ড) জানুয়ারি, ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি আলোচনার জন্য সভায় উপস্থাপন করেন:

| | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | এডিপি এর অর্থায়নে কয়েকটি কূপ খনন প্রকল্প গ্রহণ প্রসঙ্গে | এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) সভায় জানান যে, আলোচ্য দশটি কূপ খননের লক্ষ্যে তিনটি পৃথক ক্লাসটারের ভিত্তিতে ৭টি কূপ নিয়ে দুটি প্রকল্পের ডিপিপি তৈরির কাজ সম্পন্ন করা হয়েছে এবং বাপেক্স বোর্ডের অনুমোদনের প্রেক্ষিতে সেগুলো পরবর্তী কার্যার্থে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। ৩য় ক্লাস্টারে ৪টি উন্নয়ন কূপ খননের পরিকল্পনা রয়েছে। তন্মধ্যে বেগমগঞ্জ- ৫ ও ৬ এর ডাটা পাওয়া গিয়েছে। অন্য ২টি কূপের ডাটা শীঘ্রই পাওয়া যাবে। | পেট্রোবাংলায় প্রেরিত দুইটি প্রকল্পের ডিপিপির বিষয়ে নিয়মিত যোগাযোগ রক্ষা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তৃতীয় প্রকল্পের ডিপিপি যথাশীঘ্র পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও মহাব্যবস্থাপক (ভূ-তত্ত্ব) |
| | ভোল নর্থ-এর প্রসেস প্লান্ট স্থাপন | প্রকল্প ব্যবস্থাপক সভায় জানান যে, এতদসংক্রান্ত টেন্ডার আহবান করা হয়েছে এবং প্রয়োজনীয় প্রি-বিড মিটিং সম্পন্ন হয়েছে। আগামী ১৪ মার্চ ২০২৩ তারিখে টেন্ডার | দ্রুত দরপত্র আহবানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উন্মোচন হবে। এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, প্রয়োজনীয় নির্মাণ কাজ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। | | প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্লান্ট) |
| Upcoming প্রকল্পসমূহের জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম এগিয়ে নেয়া প্রসঙ্গে | কোম্পানীর নিকট ভবিষ্যতে যেসব প্রকল্প গ্রহণ করতে যাচ্ছে সেগুলোর প্রস্তুতিমূলক কার্যক্রম জরুরী ভিত্তিতে এগিয়ে নেয়ার অংশ হিসেবে সুন্দলপুর সাউথ, সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫ কূপের লোকেশন প্রদানের কাজ সম্পন্ন হয়েছে। জামালপুর-১ কূপের লোকেশন প্রদানের কাজ শীঘ্রই সম্পন্ন হবে। প্রকল্পের কাজের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের উদ্যোগ নেয়ার জন্য ইতোমধ্যেই সংশ্লিষ্ট বিভাগসমূহকে পত্র প্রদান করা হয়েছে। | অনতিবিলম্বে লোকেশন পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (ভূ-তত্ত্ব)<br>মহাব্যবস্থাপক (ভূ-পদার্থ)<br>মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত | এ প্রসঙ্গে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) সভাকে জানান যে, সকল স্থাপনা ও ফিল্ডের সকল অব্যহারযোগ্য মালামালের তালিকা চূড়ান্ত করা হয়েছে। তালিকা অনুযায়ী মালামালসমূহের মূল্য নির্ধারণের কাজ সম্পন্ন হয়েছে। চলতি পঞ্জিকা বছরের ২য় বা ৩য় বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করা যাবে। | যথাযথ ভ্যালুয়েশন নিশ্চিত করে প্রস্তাব উপস্থাপন করবেন। শাহবাজপুরসহ সকল স্থাপনার পরিত্যাক্ত মালামাল অর্ন্তভুক্ত করতে হবে। কাজ তরান্বিত করতে হবে। | আহবায়ক, অকেজো ঘোষনা কমিটি,<br>মহাব্যবস্থাপক (খনন)<br>উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১টি Drilling Rig (1500-2000 Horse Power) ক্রয় প্রসঙ্গে | এ প্রসঙ্গে উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভায় জানান যে, এ বিষয়ে ফিজিবিলিটি স্টাডি এবং ব্যয় প্রাক্কলনের কাজ সম্পন্ন হয়েছে। প্রাক্কলন ও কারিগরী বিনির্দেশ প্রস্তত সম্পন্ন হয়েছে। যথাশীঘ্রই বোর্ড কার্যপত্র প্রস্তুত করে উপস্থাপনের জন্য কার্যক্রম চলমান আছে। | কাজ ত্বরান্বিত করতে হবে | মহাব্যবস্থাপক (পরিকল্পনা)<br>ও<br>মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| Deep Drilling কার্যক্রম গ্রহণ | শ্রীকাইল ডিপ-১ অগ্রগতি প্রসঙ্গে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, একটি খসড়া ডিপিপি প্রস্তুত রাখা হয়েছে। EIA এবং Feasibility Study সমপন্ন করার জন্য IIFC এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে এবং সেই মোতাবেক কার্যক্রম চলমান আছে। | কাজ ত্বরান্বিত করতে হবে। পেট্রোবাংলার পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | মহাব্যবস্থাপক (ভূ-তত্ত্ব)<br>ও<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা), |
| অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | বিগত ০৪-০৯-২০২২ ইং তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত অডিট বিষয়ে সভায় সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে সভাপতি কোম্পানীর কার্যক্রমের উপর নিরীক্ষা আপত্তিসমূহের নিষ্পত্তির লক্ষ্যে গৃহিত কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে বিভিন্ন বিভাগের এতদসংক্রান্তে গৃহিত পদক্ষেপসমূহের বিস্তারিত বর্ণণা দেন। সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির বিষয়ে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ ও উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) কোম্পানীর নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহন করবেন। | সকল মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| প্রয়াত কর্মকর্তা মোঃ আখলাক হোসেন শোভনের | মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস বিভাগ) জনাব শ্যামল কুমার বালো উক্ত বিভাগের কর্মকর্তা প্রয়াত মোঃ আখলাক হোসেন শোভনের মৃত্যুতে সভায় শোক প্রস্তাব | -- | -- |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহন। | উত্থাপন করেন। এ প্রেক্ষিতে সভাপতি আখলাক হোসেন শোভনের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন ও তার বিদেহী আত্মার শান্তি কামনা করেন। | | |
| হালদা কূপে ওয়ার্কওভার কাজ প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (ভূপদার্থ) ও এতদসংক্রান্ত কমিটির আহবায়ক জানান যে, নির্দেশনা মোতাবেক গঠিত কমিটি হালদায় ওয়ার্কওভার কার্যক্রম গ্রহন ও হালদা স্থাপনার ভূমি অবমুক্ত করার বিষয়ে কাজ করছে। | কাজ ত্বরান্বিত করতে হবে | মহাব্যবস্থাপক (ভূপদার্থ) ও আহবায়ক, কমিটি |
| APA সংক্রান্ত কার্যক্রম | এতদসংক্রান্ত আলোচনা পর্বে সভাপতি APA এর Five Tools এর কার্যক্রমের বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (যান্ত্রিক) ও ফোকাল পয়েন্ট সভাকে জানান যে, প্রথম কোয়ার্টার এর আপডেট ইতোমধ্যেই আপলোড করা হয়েছে। কার্যসম্পাদন যথাযথ হয়েছে এবং কোন প্রকার বিচ্যুতি হয়নি। দ্বিতীয় কোয়ার্টারের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে যথাসময়ে কার্য সম্পাদন ও APA এর লক্ষ্যমাত্রা অর্জনে বিশেষ সতর্ক ও দায়িত্বশীল হওয়ার নির্দেশনা প্রদান করেন। | ক) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে দায়িত্ব সচেতন হতে হবে। | এপিএ কমিটি<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ |
| কোম্পানির কেপিআই স্থাপনাসমূহের নিরাপত্তা জোরদার করা প্রসঙ্গে | এ বিষয়ে উপমহ্যব্যবস্থাপক (এইচ এস ই) জানান যে, নির্দেশণা মোতাবেক এতদসংক্রান্তে গঠিত কমিটি ৫টি গুরুত্বপূর্ণ স্থাপনা পরিদর্শণপূর্বক প্রতিবেদন পেশ করেছে। সভাপতি স্থাপনা প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কোম্পানির কেপিআই স্থাপনাসহ সকল গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। উপমহ্যব্যবস্থাপক (এইচ এস ই) বাপেক্স ভবনের ফায়ার ফাইটিং ব্যবস্থা জোরদার করতে প্রয়োজনীয়তার বিষয়টি উপস্থাপন করেন। সভাপতি এবিষয়ে জরুরী ভিতিতে ব্যবস্থা গ্রহনের নিমিত্তে নির্দেশনা প্রদান করেন। | জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>ও<br>উপমহাব্যবস্থাপক (এইচএসই) |
| অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক কতিপয় ব্যয় স্থগিত / হ্রাসকরণ প্রসঙ্গে | এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বাপেক্সের সর্বস্তরে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী উল্লেখিত খাতসমূহের ব্যয় স্থগিত/ হ্রাস করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। সে মোতাবেক-<br>ক) পেট্রোল অয়েল ও লুব্রিকেন্ট' ও গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে।<br>খ) বিদ্যুৎ খাতে বরাদ্দাকৃত অর্থের ২৫% সাশ্রয় করতে হবে | পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে পালনের বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>ও<br>মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ছাতক গ্যাসক্ষেত্রের Gas Detection System বজ্রপাতের কারণে অকেজো হওয়া প্রসঙ্গে | সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি) সভায় ছাতক গ্যাস ক্ষেত্র, টেংরাটিলায় স্থাপিত Gas Detection System এর বিষয়টি উপস্থাপন করেন। বজ্রপাতের কারণে বারবার মেরামত করেও সিস্টেমটি কার্যক্ষম রাখা না যাওয়ায় বর্তমানে পোর্টেবল গ্যাস ডিটেক্টরের মাধ্যমে ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে কর্মরত কর্মকর্তাদের সহায়তায় গ্যাস উদগিরণের বিষয়টি পর্যেবেক্ষণ করা হচ্ছে। মহাব্যবস্থাপক (উৎপাদন) বলেন যে, বর্তমান অকার্যকর গ্যাস ডিটেকশন সিস্টেম অপসারণের বিষয়ে পূর্বে গঠিত একটি তদারকী কমিটি কাজ করছে যারা এ বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করবে। এবিষয়ে বর্তমানে তেমন কোন ঝুকি বিদ্যমান নেই। | ছাতক গ্যাস ক্ষেত্র সংক্রান্ত মামলা চলমান থাকায় বিদ্যমান গ্যাস ডিটেকশন সিস্টেমটি যথাস্থানে রেখে ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রের তত্ত্বাবধানে পোর্টেবল গ্যাস ডিটেক্টরের মাধ্যমে গ্যাস উদগিরণ পর্যবেক্ষণ অব্যাহত রাখার ব্যবস্থা নিতে হবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন) |

কোন আলোচনা না থাকায় সকলের নিরাপদ ও সুস্থ্য জীবন কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৫/২০২৩

(মোহাম্মদ আলী)
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

রণ (অবগতি ও কার্যার্থে):
মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান........................................................................................, বাপেক্স।